

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-৩৮

তারিখঃ ২৬ অক্টোবর, ২০২২

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত সকল
অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

আমদানি/স্বীকৃত বিলের দায় যথাসময়ে পরিশোধ প্রসঙ্গে


উপর্যুক্ত বিষয়ে গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশনস-২০১৮ এর ৭ম অধ্যায় এর অনুচ্ছেদ ৩৪(এ),
বিআরপিডি সার্কুলার নং-০৬ তারিখঃ ১২মার্চ ২০১৪ এবং এফই সার্কুলার পত্র নং-০৬ তারিখঃ ২৯ জানুয়ারী ২০২০ এর প্রতি
আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপর্যুক্ত নির্দেশনাসমূহের মাধ্যমে যথাসময়ে আমদানি/স্বীকৃত বিলের দায় পরিশোধের বিষয়ে বাধ্যবাধকতা
আরোপ করা হয়, যা যথাযথভাবে পরিপালিত না হওয়ায় বৈদেশিক বাণিজ্যে বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে যথাসময়ে বৈদেশিক ও স্থানীয় স্বীকৃত বিলসমূহ পরিশোধের বিষয়ে সংশ্লিষ্ট নির্দেশনা
যথানিয়মে পরিপালন নিশ্চিত করনার্থে আপনাদের সকল অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে পুনরায় নির্দেশনা প্রদান করা হলো।
যথাসময়ে স্বীকৃত দায় পরিশোধের ব্যর্থতায় সংশ্লিষ্ট এডি লাইসেন্স বাতিলসহ দায়ী কর্মকর্তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের বিষয়ে
বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ সরোয়ার হোসেন)

পরিচালক (এফইপিডি)

ফোন : ৯৫৩০১২৩